তারিখ ... 22 SEP 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক আমাদের সময়

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তি হতে পারবে সাড়ে ৩ লাখ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ● জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এ বছর অনার্সে সাড়ে ৩ লাখ শিক্ষার্থী ভর্তি হতে পারবে। ভর্তি কার্যক্রম শেষে অনার্স প্রথম বর্ষের ক্লাস শুরু হবে আগামী ১৫ নভেম্বর। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক হারুন অর রশিদ। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। অনার্সে ভর্তি কার্যক্রম ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সভায় উপ-উপাচার্য অধ্যাপক হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক মো. নোমান উর রশীদ, সব ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক আইসিটি প্রমুখ উপস্থিত ছিলেন।